



বিজ্ঞপ্তি নং- ২৩/২০২১

জে,

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ  
০১ জুন ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভারুয়াল উপস্থিতির মাধ্যমে অধস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালত এবং ট্রাইব্যুনালসমূহে সকল প্রকার দেওয়ানী ও ফৌজদারী আপীল/রিভিশন শুনানী ও নিষ্পত্তি এবং দেওয়ানী মামলায় যুক্তিতর্ক শুনানী ও রায় প্রচার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস (কোভিড-১৯) জনিত উদ্ভূত পরিস্থিতিতে দেশের অধস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালত এবং ট্রাইব্যুনালসমূহ “আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০” এবং এতৎসংক্রান্ত জারীকৃত বিজ্ঞপ্তি অনুসরণপূর্বক ভারুয়াল উপস্থিতিতে সকল প্রকার দেওয়ানী ও ফৌজদারী আপীল/রিভিশন মামলা শুনানীঅন্তে নিষ্পত্তি করবেন এবং পক্ষগণের উপস্থিতি বা সাক্ষ্যগ্রহণের আবশ্যিকতা নেই এরূপ দেওয়ানী আপীল/রিভিশন/রিভিউ এবং দেওয়ানী মোকদ্দমা/বিবিধ মামলা নিষ্পত্তি করবেন।

২। ইতোমধ্যে যে সকল দেওয়ানী মোকদ্দমায় যুক্তিতর্ক শুনানী বা রায় প্রচারের জন্য ধার্য তারিখ অতিক্রান্ত হয়েছে সে সকল মোকদ্দমা/বিবিধ মামলায় পুনরায় তারিখ ধার্যক্রমে দ্রুত নিষ্পত্তি করবেন।

৩। সংশ্লিষ্ট আদালত/ট্রাইব্যুনাল পুনঃধার্যকৃত তারিখ সংবলিত মামলাসমূহের তালিকার কপি আদালতের নোটিশ বোর্ডে এবং জেলা আইনজীবী সমিতির নোটিশ বোর্ডে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

(মোঃ আলী আকবর)  
রেজিস্ট্রার জেনারেল  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
ফোন : ৯৫৬২৭৮৫

E-mail: [rg@supremecourt.gov.bd](mailto:rg@supremecourt.gov.bd)

স্মারক নং-৩০৬৩

জে,

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ  
০১ জুন ২০২১ খ্রিস্টাব্দ

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ, ..... (অধীনস্থ বিচারকগণকে অবগত করার অনুরোধ করা হল) (সকল)।
৪. বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ, ..... (সকল)।
৫. চেয়ারম্যান/সদস্য, শ্রম আদালত/প্রশাসনিক ট্রাইব্যুনাল, ..... (সকল)।
৬. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/ জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/ দ্রুত বিচার ট্রাইব্যুনাল.....(সকল)।
৭. বিচারক, পরিবেশ আপীল আদালত/সাইবার ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল.....(সকল)।
৮. বিচারক, স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
৯. সদস্য(জেলা জজ), কাস্টমস ও ভ্যাট অ্যাপীলেট ট্রাইব্যুনাল/ ট্যাকসেস আপীলেট ট্রাইব্যুনাল.....(সকল)।
১০. চেয়ারম্যান, ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, ঢাকা।
১১. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, .....(সকল) (অধীনস্থ বিচারকগণকে অবগত করার অনুরোধ করা হলো)।
১২. রেজিস্ট্রার, প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল .....(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
১৩. সস্তাপতি/ সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, .....(সকল)।
১৪. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধ সহ)।
১৫. প্রধান বিচারপতির সচিব/প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
১৬. নোটিশ বোর্ড।

(মোঃ মিজানুর রহমান)  
সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)  
ফোন নং ৯৫৬১৯৩২।